গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

নৌপরিবহন অধিদপ্তর

**অভ্যন্তরীণ নাবিকদের ডাটাবেজ এবং সার্ভিস বুক সিস্টেম**

**(ইনল্যান্ড নাবিক ডাটাবেজ, সার্ভিস বুক, প্রশিক্ষণ ও সনদায়ন ম্যানেজমেন্ট সিস্টেম)**

# ব্যবহার নির্দেশিকা ( সহায়িকা )- ক্রম ১

# সিস্টেম পরিচিতি
# আই সি এন (ICN – Inland Crew Number) প্রস্তুতিকরণ

Dream71 বাংলাদেশ লি.

বাড়ি নং 16 (লেভেল 5) ব্লক এ, বসুন্ধরা আর/এ, ঢাকা 1229


## ভূমিকাঃ

বাংলাদেশের নৌপরিবহন অধিদপ্তর (DoS) নৌ-নিরাপত্তা, শিক্ষা এবং আন্তর্জাতিক সনদের সাথে সঙ্গতি রক্ষার জন্য প্রতিশ্রুতিবদ্ধ। ১৯৭৬ সালে প্রতিষ্ঠিত এবং ঢাকায় সদর দপ্তর স্থাপিত এই অধিদপ্তরটি শিপিং শিল্পের নিয়ন্ত্রণ এবং বিকাশে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। অপারেশনাল দক্ষতা এবং সেবার মান উন্নত করতে, DoS একটি ওয়েব-ভিত্তিক ইনল্যান্ড নাবিক সার্টিফিকেশন ম্যানেজমেন্ট সিস্টেম (Inland Crew Certification Management System) উন্নয়ন করছে। এই সিস্টেমটি সার্টিফিকেশন এবং সঙ্গতি প্রক্রিয়াগুলোকে সহজতর করবে, সার্ভিস বুক তথ্য পরিচালনা করবে এবং শক্তিশালী সহায়ক ডেস্ক সেবা প্রদান করবে। সার্টিফিকেশন এবং সার্ভিস নাবিক ভয়েজ রেকর্ড ব্যবস্থাপনা প্রক্রিয়া সহজতর করে, অনলাইন আবেদন এবং রিয়েল-টাইম আপডেট প্রদান করে, এবং নিবেদিত ব্যবহারকারী সহায়তা প্রদান করে এই প্রকল্পটি স্বচ্ছতা এবং দক্ষতা উন্নত করার লক্ষ্য রাখে। এছাড়াও, এটি বাংলাদেশ সরকারের ডিজিটাল রূপান্তরের ভিশনের সাথে সামঞ্জস্যপূর্ণ, যা নৌপরিবহন সেবার উন্নতিতে ক্রু সদস্য, জাহাজ মালিক এবং বৃহত্তর সামুদ্রিক সম্প্রদায়ের উপকারে আসবে।


# সিস্টেম পরিচিতি

## হোম পেজ

একজন নাবিক/আবেদনকারীকে "ইনল্যান্ড নাবিক প্রশিক্ষণ ও সনদায়ন ম্যানেজমেন্ট সিস্টেমে" সনদের জন্য লগইন/আবেদন করতে হলে প্রথমেই ইন্টারনেট সংযুক্ত ডিভাইস থেকে যেকোনো ওয়েব ব্রাউজার এর এড্রেস বার এ ইনল্যান্ড নাবিক প্রশিক্ষণ ও সনদায়ন ম্যানেজমেন্ট সিস্টেম এর সঠিক URL -(http://inlandcrew.dos.gov.bd/) প্রদান করে Enter বাটন ক্লিক করতে হবে। ফলে সিস্টেম এর হম পেজ দেখতে পারবেন।




প্রথমেই হোম পেজ এর উপরের ডান পাশে লগইন বাটন আছে। লগইন বাটন এ ক্লিক করলে সিস্টেম এর লগইন পেজ দেখতে পারবেন। এবং ইউজার/আবেদনকারীর কোন সমস্যা হলে সিস্টেম এর হেল্পলাইন নাম্বার এ যোগাযোগ করতে পারবেন অথবা ইমেইল করেও জানাতে পারবেন।





এছাড়া হোমপেজের ১ম সেকশনের মাঝ বরাবর ৪টি অপশন রয়েছে। পরীক্ষার্থী আবেদন বাটনের মাধ্যমে নতুন পরীক্ষার্থীরা রেজিস্ট্রেশন/নিবন্ধন করতে পারবেন।

সার্টিফিকেট যাচাইকরণে গেলে সনদ নম্বর দিতে হবে। তারপর সার্চ করুন বাটনে প্রেস করতে হবে। বৈধ সার্টিফিকেট হলে সার্টিফিকেট হোল্ডারের সংক্ষিপ্ত বিবরণ বাংলা ও ইংরেজিতে প্রদর্শন করবে। **সার্টিফিকেট বৈধ না হলে "সার্টিফিকেট তথ্য পাওয়া যায়নি" লেখাটি আসবে।**




এছাড়াও নিচে রয়েছে প্রশিক্ষণ কেন্দ্র ও সার্ভে অপারেটর। এর মাধ্যমে বিভিন্ন প্রশিক্ষণ কেন্দ্র ও সার্ভে অপারেটর ওয়েবসাইটটিতে এক্সেস করতে পারবে।

১ম সেকশন ও ২য় সেকশনের মাঝে রয়েছে শীর্ষ বার্তা। এখানে বিভিন্ন ধরণের বার্তা ও অত্যাবশ্যকীয় তথ্য স্ক্রল হবে।





২য় সেকশনের বাম দিকের কলামে রয়েছে নোটিশ বোর্ড। ইউজার/আবেদনকারীরা এই নোটিশ বোর্ড থেকে গুরুত্বপূর্ণ নোটিশ জানতে পারবেন।

২য় সেকশনের মাঝ কলামে রয়েছে পরীক্ষার সময়সূচী। এর মাধ্যমে পরীক্ষার্থীরা/ আবেদনকারীরা যেকোনো সময় পুরো বছরের শিডিউল দেখতে পারবেন।

২য় সেকশনের ডান দিকের কলামের উপরে রয়েছে ম্যানুয়াল। এখানে ওয়েবসাইটের বিভিন্ন সহায়িকা ও দিকনির্দেশিকা পাওয়া যাবে।

২য় সেকশনের ডান দিকের কলামের নিচে রয়েছে টিউটোরিয়াল সেকশন । এখানে বিভিন্ন ধরনের টিউটোরিয়াল পাওয়া যাবে।




| সার্টিফিকেট নাম | তারিখ | ধারণক্ষমতা | বুক | অবশিষ্ট |
|---|---|---|---|---|
| ১ম শ্রেণীর ড্রাইভার - engine | 2024-05-27 | 100 | 0 | 100 |
| ২য় শ্রেণীর ড্রাইভার - engine | 2024-07-04 | 100 | 0 | 100 |
| ৩য় শ্রেণীর ড্রাইভার - engine | 2024-07-21 | 100 | 0 | 100 |
| গ্রীজার - engine | 2024-09-30 | 50 | 0 | 50 |
| ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার (লিখিত) - engine | 2024-08-05 | 100 | 0 | 100 |
| ইনল্যান্ড মেরিন ইঞ্জিনিয়ার (মৌখিক) - engine | 2024-08-07 | 100 | 0 | 100 |
| ১ম শ্রেণীর মাস্টার - deck | 2024-07-24 | 100 | 0 | 100 |
| ২য় শ্রেণীর মাস্টার - deck | 2024-06-06 | 100 | 0 | 100 |
| ৩য় শ্রেণীর মাস্টার - deck | 2024-06-20 | 100 | 0 | 100 |
| সুকানী - deck | 2024-06-12 | 50 | 0 | 50 |

# আই সি এন (ICN – Inland Crew Number) প্রস্তুতিকরণ


**১। আইসিএন তৈরির প্রয়োজনীয় শর্তসমূহঃ**

ক। বৈধ জাতীয়তা সনদ এবং


খ। চালু মোবাইল নাম্বার


**২। লগইন এবং রেজিস্ট্রেশন**

ইনল্যান্ড নাবিক প্রশিক্ষণ ও সনদায়ন ম্যানেজমেন্ট সিস্টেমে লগইন অথবা বিভিন্ন সনদের জন্য আবেদন করতে হলে আবেদনকারীর অবশ্যই একটা আইসিএন(ICN) নম্বর লাগবে। আইসিএন(ICN) ছাড়া সিস্টেমে লগইন করা যাবে না। এজন্য প্রথমে আবেদনকারীকে রেজিস্ট্রেশন করতে হবে। রেজিস্ট্রেশন করার জন্য প্রথমে হোমপেজের পরীক্ষার্থী আবেদনে ক্লিক করে রেজিস্ট্রেশন পেজ এ যেতে পারবে অথবা লগইন পেজ এ গিয়েও আইসিএন নম্বর এর জন্য আবেদন করতে পারবেন/ রেজিস্ট্রেশন করতে পারবেন।



৩। লগইন বাটন এ ক্লিক করলে লগইন পেজ দেখতে পারবেন এবং "আইসিএন(ICN) এর জন্য আবেদন করুণ" বাটন ক্লিক করলে রেজিস্ট্রেশন/নিবন্ধন পেজ দেখতে পারবেন।







আইসিএন(ICN)/ নিবন্ধন করার জন্য নিম্নের তথ্যগুলো প্রদান করুনঃ

- জাতীয় পরিচয়পত্র নম্বর* টাইপ করুন
- মোবাইল নম্বর* টাইপ করুন
- ইমেইল এড্রেস* টাইপ করুন (প্রযোজ্য হলে)
- পাসওয়ার্ড (নিশ্চিত হওয়ার জন্য একই পাসওয়ার্ড পুনরায় দিতে হবে)* টাইপ করুন
- জাতীয় পরিচয়পত্রে উল্লেখিত জন্মতারিখ* টাইপ করুন

তারপর "নিবন্ধন" বাটনে ক্লিক করুন।


*এখানে বিশেষভাবে উল্লেখ করা প্রয়োজন যে এমন মোবাইল নম্বর ব্যবহার করতে হবে যেন তা সবসময় আবেদনকারীর নিকট থাকবে, কারণ এই মোবাইল নম্বরে ওটিপি যাবে এবং ভবিষ্যতে অন্যান্য তথ্য প্রেরণ করা হবে।*




একজন প্রার্থী/আবেদনকারী নিবন্ধন করার পরে DoS থেকে ইউজার/প্রার্থী/আবেদনকারীর মোবাইল নাম্বার/ইমেইল এ একটি OTP প্রদান করা হবে। ওটিপিটি পাওয়ার পরে "ওটিপিটি যাচাইকরুন পেজে" এ ওটিপিটি সঠিকভাবে নির্দিষ্ট ঘরে বসাতে হবে।


কোন কারণে ওটিপি না পেলে ২.৩০ মিনিট পর নিচে "ওটিপি আবার পাঠান" বাটনে ক্লিক করুন।

৪। ওটিপি সঠিক হলে আবেদনকারীর সকল তথ্য প্রদর্শন হবে। প্রদর্শিত তথ্য সঠিক হলে “আমি আমার তথ্য ঠিক ভাবে খুঁজে পেয়েছি” চেকবক্সে টিক দিয়ে “আইসিএন তৈরি করুন” বাটনে ক্লিক করবেন। ক্লিক করার পরেই সিস্টেম থেকে আইসিএন জেনারেট হবে।




<u>এখানে উল্লেখ্য যে জাতীয় পরিচয়পত্র নম্বর সঠিক/বৈধ না হলে প্রার্থী আইসিএন(ICN) নম্বর তৈরি করতে পারবেন না।</u>

৫। এরপর আবেদনকারীর স্ক্রিনে উপরের দিকে আইসিএন নম্বর চলে আসবে। একই সাথে সংশ্লিষ্ট মোবাইল নম্বরে এসএমএস ও ইমেইলে মেইল চলে যাবে। এভাবেই আবেদনকারীর আইসিএন নম্বর তৈরি করতে পারবে।




অথবা



**আইসিএন(ICN) নাম্বারটি যথাযথভাবে সংরক্ষণ করুন। যেকোনো আবেদনে আইসিএন(ICN) নাম্বারটি ব্যবহার করতে হবে।**

৬। প্রার্থী আইসিএন(ICN) পাওয়ার পরে সিস্টেম এ লগইন করতে পারবে। আইসিএন(ICN) টাই হচ্ছে একজন প্রার্থী/আবেদনকারীর ইউজার আইডি। লগইন পেজ এ আইসিএন(ICN) এবং পাসওয়ার্ড (নিবন্ধন করার সময়ে যেটা টাইপ করেছিলেন) টাইপ করে সিস্টেম এ লগইন করতে পারবেন।